

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৬৮
আগরতলা, ০৯ মার্চ, ২০ ১৮।

নতুন সরকার গঠিত : মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

বি জে পি - আই পি এফ টি সরকার গঠিত হওয়ায় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেছেন, শান্তিপূর্ণভাবে গণতান্ত্রিক অধিকার প্রয়োগের মাধ্যমে সাম্প্রতিক বিধানসভা নির্বাচনে জনগণের বিপুল জনাদেশের মধ্য দিয়ে ত্রিপুরায় ভারতীয় জনতা পার্টি - আই পি এফ টি সরকার গঠিত হয়েছে। আজ এই নবনির্বাচিত সরকারের মুখ্যমন্ত্রী পদে বৃত হয়ে সকল ত্রিপুরাবাসীকে আন্তরিক প্রীতি, শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

আজ আগরতলায় আসাম রাইফেলস ময়দানে বি জে পি - আই পি এফ টি সরকার গঠন উপলক্ষে আয়োজিত ঐতিহাসিক শপথ গ্রহণ সমারোহে উপস্থিত ভারতের জনপ্রিয় প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদর দাস মোদিকে রাজ্যের নবনির্বাচিত সরকারের পক্ষ থেকে আন্তরিক শ্রদ্ধা নিবেদন করছি। এছাড়াও শপথ গ্রহণ সমারোহে উপস্থিত কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং, ভারতীয় জনতা পার্টির সর্বভারতীয় সভাপতি ও সাংসদ অমিত শাহ, রাজস্থানের মুখ্যমন্ত্রী বসুন্ধরা রাজে, আসামের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়াল, গুজরাটের মুখ্যমন্ত্রী বিজয় রূপানী, মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান, মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং, নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেইফিউ রিও, ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী রঘুবর দাস, কেন্দ্রীয় ডোনার মন্ত্রকের মন্ত্রী ড. জিতেন সিং, কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার মন্ত্রকের মন্ত্রী থাওয়ারচান্দ গেহলোট, কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের মন্ত্রী ড. হর্ষ বর্ধন, সাংসদ এল কে আদবানী, সাংসদ মুরলী মনোহর যোশী, সাংসদ লক্ষ্মীনারায়ণ যাদব, অরুণাচল প্রদেশের উপ-মুখ্যমন্ত্রী চৌনা মেইন, আসামের মন্ত্রী ড. হিমন্ত বিশ্বশর্মা এবং ঝাড়খন্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী অর্জুন মুন্ডার প্রতি আন্তরিক প্রীতি, শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

শপথ গ্রহণ সমারোহের পরপরই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা টেলিফোনে আমাকে শুভেচ্ছা জানিয়েছেন। আমি প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বাংলাদেশের জনগণের প্রতি আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

এই ঐতিহাসিক শপথ গ্রহণ সমারোহে উপস্থিত বরিষ্ঠ নাগরিক, মা-বোন সহ আপামর জনগণকে নবনির্বাচিত রাজ্য সরকারের পক্ষ থেকে আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জ্ঞাপন করছি।

আগামীদিনে সমৃদ্ধ ত্রিপুরা গড়তে সকল ত্রিপুরাবাসীর আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।
